

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৬.১৯-৩৫৪

তারিখঃ ৩১ আষাঢ় ১৪২৬  
১৫ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৪০৩৭/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪০৩৭/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪০৩৭/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৪০৩৭/২০১৯	জবাব খন্দকার ওয়াহিদুজ্জামান, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান), ইসবপুর দ্বীমুখী ইসলামিয়া মাদ্রাসা, সদুল্যাপুর, গাইবান্ধা।	সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ০৭(সাত) জন।	গাইবান্ধা জেলার সদুল্যাপুর উপজেলাধীন ইসবপুর দ্বীমুখী ইসলামিয়া দাখিল মাদ্রাসা'র সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) জনাব খন্দকার ওয়াহিদুজ্জামান-কে উক্ত প্রতিষ্ঠানে যোগদানের তারিখ ১৭/০৬/২০১৫ হতে এমপিও তালিকাভুক্তকরণের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে জনাব ওয়াহিদুজ্জামান খন্দকার কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৪০৩৭/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ১৩/০৫/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনার এর সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) পদে উক্ত প্রতিষ্ঠানে যোগদানের তারিখ ১৭/০৬/২০১৫ হতে এমপিও তালিকাভুক্তকরণের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ১০/০৬/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত মতে রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৪০৩৭/২০১৯ মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে এর সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না করা হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩০/০৭/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

মো: আ: খালেদ মিঞা  
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রসেন্ট বোরাক টাওয়ার  
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।